

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড
ঢাকা।

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রতিযোগিতার জন্য চলচ্চিত্র আহ্বান

ঢাকা, ২ ফাল্গুন ১৪২৫ (১৪ ফেব্রুয়ারি ২০১৯):


জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০১৭ এবং ২০১৮ প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য তথ্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত জুরি বোর্ড সংশ্লিষ্ট চলচ্চিত্র প্রযোজকদের নিকট থেকে চলচ্চিত্র আহ্বান করেছে।

জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আবেদনপত্র আগামী ০৭ মার্চ ২০১৯ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডে গ্রহণ করা হবে।

চলচ্চিত্রের বিভিন্ন শাখায় সর্বমোট ২৮টি ক্ষেত্রে জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদান করা হবে। ক্ষেত্রসমূহ হলো: আজীবন সম্মাননা, শ্রেষ্ঠ চলচ্চিত্র, শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, শ্রেষ্ঠ প্রামাণ্য চলচ্চিত্র, শ্রেষ্ঠ চলচ্চিত্র পরিচালক, শ্রেষ্ঠ অভিনেতা প্রধান চরিত্রে, শ্রেষ্ঠ অভিনেত্রী প্রধান চরিত্রে, শ্রেষ্ঠ অভিনেতা পার্শ্ব চরিত্রে, শ্রেষ্ঠ অভিনেত্রী পার্শ্ব চরিত্রে, শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী খল চরিত্রে, শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী কৌতুক চরিত্রে, শ্রেষ্ঠ শিশু শিল্পী, শিশু শিল্পী শাখায় বিশেষ পুরস্কার, শ্রেষ্ঠ সঙ্গীত পরিচালক, শ্রেষ্ঠ নৃত্য পরিচালক, শ্রেষ্ঠ গায়ক, শ্রেষ্ঠ গায়িকা, শ্রেষ্ঠ গীতিকার, শ্রেষ্ঠ সুরকার, শ্রেষ্ঠ কাহিনিকার, শ্রেষ্ঠ চিত্রনাট্যকার, শ্রেষ্ঠ সংলাপ রচয়িতা, শ্রেষ্ঠ সম্পাদক, শ্রেষ্ঠ শিল্প নির্দেশক, শ্রেষ্ঠ চিত্রগ্রাহক, শ্রেষ্ঠ শব্দগ্রাহক, শ্রেষ্ঠ পোশাক ও সাজ-সজ্জা এবং শ্রেষ্ঠ মেক-আপম্যান।

জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্ধারিত আবেদনের ফরম বিনামূল্যে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড কার্যালয়, রেড ত্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৯), ৩৭/৩/এ ইন্সটন গার্ডের রোড, রমনা, ঢাকা-১০০০ থেকে সংগ্রহ করা যাবে। এছাড়া আবেদনের ফরম বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের ওয়েবসাইট: www.bfcb.gov.bd থেকে ডাউনলোড এর মাধ্যমে সংগ্রহ করা যাবে।

জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রযোজকগণকে তাঁদের নিজ নিজ চলচ্চিত্রের উন্নতমানের প্রিন্ট/ডিভিডি এবং নির্ধারিত ছকে প্রযোজক, পরিচালক এবং সংশ্লিষ্ট শিল্পী ও কলা-কুশলীদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বরসহ জীবন বৃত্তান্ত, চলচ্চিত্রের কাহিনি সংক্ষেপ, গানের কথা ইত্যাদির প্রতিটির ১৫ (পনের) সেট ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড ও সদস্য-সচিব, জুরি বোর্ড, রেড ত্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৯), ৩৭/৩/এ ইন্সটন গার্ডের রোড, রমনা, ঢাকা-১০০০ এই ঠিকানায় নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাতে হবে।



মোহাম্মদ আলী সরকার
সচিব
বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা।